



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/রাজশাহী-১২৯/ ৪২৮

তারিখঃ ২৬.০১.২০১৮খ্রিঃ

বিষয়ঃ সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষকে স্বপদে পুনর্বহালকরণ এবং এডহক কমিটি গঠনের অনুমতি গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ নং-বামাশিবো/প্রশাসন/রাজশাহী-১২৯/৪৫৯; তারিখঃ ৩১.১০.২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার দুর্গাপুর উপজেলাধীন নান্দিগ্রাম দারুস সালাম আলিম মাদ্রাসার অধ্যক্ষ মোঃ মুসা মিয়া-কে সাময়িক বরখাস্তকরণ এবং ০৭ (সাত) শিক্ষককে নিয়োগের বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা ও বিভিন্ন অনিয়মের বিষয়ে দাখিলকৃত অভিযোগ নিষ্পত্তিকল্পে অধ্যক্ষ মোঃ মুসা মিয়া, ভারপ্রাপ্ত অধ্যক্ষ এ বি এম এ মজিদ ও গভার্ণিং বডি'র সাবেক সভাপতিকে ০৬.১১.২০১৭খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ১০.০০ ঘটিকায় স্ব-স্ব দাবীর পক্ষের লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্রসহ বোর্ডে উপস্থিত থাকার জন্য সূত্রে উল্লিখিত স্মারকে পত্র দেয়া হয়।

পত্রের প্রেক্ষিতে অধ্যক্ষ মোঃ মুসা মিয়া, ভারপ্রাপ্ত অধ্যক্ষ এ বি এম এ মজিদ ও গভার্ণিং বডি'র সাবেক সভাপতি শুনানীতে উপস্থিত হয়ে স্ব-স্ব দাবীর পক্ষের লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করেন এবং বোর্ড কর্তৃপক্ষকে অবহিত করেন যে, তাদের মাঝে সমঝোতা হয়েছে, তারা জরুরী ভিত্তিতে দায়েরকৃত সকল মামলা প্রত্যাহার করবেন এবং অধ্যক্ষ মোঃ মুসা মিয়া এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে স্ব-পদে পুনর্বহাল করবেন।

এছাড়া পক্ষদ্বয়ের দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, অধ্যক্ষ মোঃ মুসা মিয়া-কে সাময়িক বরখাস্ত করার কার্যক্রমসমূহ বিধি বিধানের আলোকে করা হয়নি। উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী কোন শিক্ষককে ৬০ (ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখা যাবে না বা ৬০ (ষাট) দিনের বেশি হলে সকল বেতন-ভাতাদি প্রদান করতে হবে মর্মে বিধান রয়েছে।

বর্ণিত অবস্থায়-

ক) অধ্যক্ষ মোঃ মুসা মিয়া এর সাময়িক বরখাস্ত কার্যক্রম বিধি বিধানের আলোকে হয়নি বিধায় তিনি স্বপদে বহাল আছেন বলে গণ্য হবে বিষয়টি সাবেক সভাপতি ও উপাধ্যক্ষসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো; এবং


খ) মাদ্রাসায় কোন পরিচালনা কমিটি বিদ্যমান না থাকায় এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে অনলাইনে আবেদন দাখিল করার জন্য অধ্যক্ষকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


28.01.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮


26/1/18

প্রাপকঃ


- ১) মোঃ মুসা মিয়া, অধ্যক্ষ, নান্দিগ্রাম দারুস সালাম আলিম মাদ্রাসা, বেলঘরিয়া, দুর্গাপুর, রাজশাহী।
- ২) এ বি এম এ মজিদ, উপাধ্যক্ষ, নান্দিগ্রাম দারুস সালাম আলিম মাদ্রাসা, বেলঘরিয়া, দুর্গাপুর, রাজশাহী।
- ৩) সভাপতি, গভার্ণিং বডি (সাবেক), নান্দিগ্রাম দারুস সালাম আলিম মাদ্রাসা, বেলঘরিয়া, দুর্গাপুর, রাজশাহী।

নং-বামাশিবো/প্রশাসন/রাজশাহী-১২৯/ ৪২৮

তারিখঃ ২৬.০১.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, রাজশাহী।
২. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুর্গাপুর, রাজশাহী।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।


মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪